নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৭৮

তারিখ: ১৯ জৈষ্ঠ্য ১৪২৮ / ০২ জুন ২০২১

# পরিপত্র-১

**বিষয়: জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩ ও ১৮৭ ঢাকা-১৪ এবং ২৫৩ কুমিল্লা-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনি সময়সূচি সম্বলিত গণবিজ্ঞপ্তি জারি, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা, মনোনয়নপত্র দাখিল ও গ্রহণ ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে শূন্য ঘোষিত জাতীয় সংসদের **২৩১ সিলেট-৩ ও ১৮৭ ঢাকা-১৪ এবং ২৫৩ কুমিল্লা-৫** নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারগণকে আহবান জানিয়ে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০১ আষাঢ় ১৪২৮<br>১৫ জুন ২০২১ | মঙ্গলবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৩ আষাঢ় ১৪২৮<br>১৭ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ আষাঢ় ১৪২৮<br>২৪ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ৩০ আষাঢ় ১৪২৮<br>**১৪ জুলাই ২০২১** | **বুধবার** |

**ভোটগ্রহণের সময়: ইভিএম এর মাধ্যমে সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত।**

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হল (সংলগ্নী-১)।

৩। **রিটার্নিং অফিসার, সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন:** শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-২)।

৪। উল্লিখিত প্রসঙ্গে স্মর্তব্য যে, আইন অনুসারে রিটার্নিং অফিসারকে তার দায়িত্ব পালনের জন্য সহকারি রিটার্নিং অফিসার সহায়তা করবেন এবং নির্বাচন কমিশনের আদেশ/নির্দেশের আলোকে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থেকে ক্ষেত্র বিশেষ সহকারি রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারেরও দায়িত্ব পালন করবেন। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে রিটার্নিং অফিসার আইন ও বিধিমালা অনুসারে নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যেরূপ পদক্ষেপ গ্রহণ ও কার্যাবলি সম্পাদনের প্রয়োজন, তা সম্পাদনের জন্য দায়িত্ববান থাকবেন এবং পালন করবেন। এছাড়া মনোনয়নপত্র বিতরণ, গ্রহণ, মনোনয়নপত্র বাছাই, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার প্রচারণা, ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন সর্বোপরি ভোটগ্রহণের দিন ভোটারদের লাইন ব্যবস্থাপনা স্বাস্থ্য বিধি অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে।

৫। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) ও (৩) এর বিধান অনুযায়ী, নির্বাচন কমিশন সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণার পর, যথাশীঘ্র সম্ভব, রিটার্নিং অফিসার তার আওতাভুক্ত নির্বাচনি এলাকার জন্য পৃথক গণবিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহন অনুষ্ঠিত হবে বিষয়টি উল্লেখ থাকবে। এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান ( জেলা পর্যায়ে রিটার্নিং অফিসারের কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক) ও সময় উল্লেখপূর্বক একই গণবিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ০৯.০০ মি. হতে বিকাল ০৫.০০ মি. পর্যন্ত গ্রহণ করতে হবে। গণবিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙ্গিয়ে

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

দিবেন এবং সহকারি রিটার্নিং অফিসারের অফিসে টাঙ্গিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা আপনার কাজের সুবিধার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ক)।

৬। **রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় প্রস্তুতকরণ:** সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার সুবিধার্থে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার-কে স্ব স্ব কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে নিম্নরূপভাবে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় নির্ধারণ করা হলো:

| নির্বাচনি এলাকার নম্বর ও নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার | অধিক্ষেত্র |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৩১ সিলেট-৩ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট | সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট | দক্ষিণ সুরমা উপজেলা |
| | | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট | বালাগঞ্জ উপজেলা |
| | | উপজেলা নির্বাচন অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট | ফেঞ্চুগঞ্জ উপজেলা |
| ১৮৭ ঢাকা-১৪ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা | সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা | ঢাকা উত্তর সিটি ওয়ার্ড- ০৭, ০৮ ও ০৯ |
| | | থানা নির্বাচন অফিসার, মীরপুর, ঢাকা | ঢাকা উত্তর সিটি ওয়ার্ড- ১০, ১১ ও ১২ |
| | | উপজেলা নির্বাচন অফিসার, সাভার, ঢাকা | সাভার উপজেলার কাউন্দিয়া ইউনিয়ন |
| ২৫৩ কুমিল্লা-৫ | জেলা প্রশাসক, কুমিল্লা | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা | ব্রাহ্মণপাড়া উপজেলা |
| | | উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা | বুড়িচং উপজেলা |

৭। **সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে অফিসে উপস্থিত থেকে কার্যক্রম গ্রহণ:** যথাযথসময় ও যথাযথভাবে নির্বাচনের কাজ সম্পন্ন করার লক্ষ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের অফিস এবং নির্বাচন অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে দায়িত্ব পালনের প্রয়োজন হবে। নির্ধারিত অফিস সময়ের পরেও গুরুত্বপূর্ণ কতিপয় কার্যক্রম যেমন-মনোনয়নপত্র দাখিল/গ্রহণ, বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়ের/আপিলে গ্রহণ, প্রার্থীতা প্রত্যাহার বিষয়ক কার্যাদি সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য যে, জাতীয় সংসদের উল্লিখিত শূন্য আসনের নির্বাচনে ভোটগ্রহণের সময়সীমা সকাল **৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি.** পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

৮। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা এবং প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্ত করা হল (পরিশিষ্ট-খ)। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা সংশ্লিষ্ট সংবিধানের ৬৬(১)(২) অনুচ্ছেদ বাংলায় হুবহু দেয়া হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ ইংরেজিতে হুবহু দেয়া হয়েছে।

৯। **ভোটার তালিকার সিডি ও মনোনয়নপত্র সংগ্রহ:** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র গ্রহণের সময় নির্বাচনি এলাকার আওতাধীন সিটি কর্পোরেশন/পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিয়ে ছবিছাড়া ভোটার তালিকা সিডি রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ট্রেজারি চালানের মাধ্যমে সিডি ক্রয়ের অর্থ জমাদানের কোড **"১-০৬০১-০০০১-২৬৩১"।**

১০। **ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার সিডি ব্যবহার এবং মুদ্রণ :** জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের সাথে যোগাযোগ করে সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকার সিডি সংগ্রহপূর্বক আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ০১(এক) সেট ছবিসহ ভোটার তালিকা লেজার প্রিন্টারে মুদ্রণ ও ০২ (দুই) সেট ছবিসহ ভোটার তালিকা ফটোকপি করার জন্য সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্মকর্তা-কে নির্দেশ প্রদান করা হয়েছে।

১১। **মনোনয়নপত্র দাখিল:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ ফরম-১ এ সরাসরি বা অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করবেন। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র ফরমের নমুনা অনুযায়ী যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

১২। **মনোনয়নপত্র গ্রহণ:** জারীকৃত সময়সূচি অনুসারে আগামি **১৫ জুন ২০২১** তারিখ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অর্থাৎ যদি কোন প্রার্থী বা তার প্রস্তাবকারী অথবা তার সমর্থনকারী মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অথবা উক্ত শেষ দিনের পূর্ববর্তী কোন দিনে রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে আসেন, তাহলে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১)(এ) এবং অনুচ্ছেদ ১২ এর দফা (৩) অনুযায়ী রিটার্নিং অফিসার তা গ্রহণ করবেন এবং সহকারী রিটার্নিং অফিসারগণকেও গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করবেন। মনোনয়নপত্র গ্রহণ করার সময় মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে ক্রমিক নম্বর প্রদান করতে হবে। এ লক্ষ্যে রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত ক্রমিক নম্বরের পূর্বে **রিঅ-** এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত **সরিঅ-** প্রদান করলে সহজেই চিহ্নিত করা যাবে। একজন প্রার্থী একাধিক মনোনয়নপত্র এক স্থানে জমা দিলে সেক্ষেত্রে প্রথমে একটি পূর্ণ নম্বর প্রদান করে অন্যান্য কপিতে বন্ধনীতে (ক), (খ) অথবা (১), (২) ইত্যাদি প্রদান করা যেতে পারে। অনলাইনে প্রাপ্ত মনোনয়নপত্রে আলাদাভাবে ক্রমিক নম্বর প্রদান করতে হবে।

১৩। **প্রস্তাবকারী-সমর্থনকারীদের যোগ্যতা ও করণীয়:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী কোন নির্বাচনি এলাকার যেকোন ভোটার উক্ত এলাকার সংসদ সদস্য নির্বাচনের জন্য সংবিধানের ৬৬ অনুচ্ছেদের যোগ্যতাসম্পন্ন যেকোন ব্যক্তির নাম প্রস্তাব বা সমর্থন করতে পারবেন। আদেশের ১২ অনুচ্ছেদের (২) দফা অনুসারে নির্ধারিত মনোনয়নপত্র (ফরম-১) এ প্রত্যেক প্রস্তাব পৃথক পৃথক মনোনয়নপত্রের মাধ্যমে করতে হবে। প্রতিটি মনোনয়নপত্র প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং তাতে নিম্নবর্ণিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথা:-

(ক) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এই মর্মে একটি ঘোষণা যে, তিনি মনোনয়নে সম্মতি প্রদান করেছেন এবং তার সদস্য নির্বাচিত হবার বা সদস্য থাকার বিপক্ষে কোন অযোগ্যতা নাই;

(খ) প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক এই মর্মে একটি ঘোষণা যে, তাদের কেউ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসেবে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই।

১৪। **জামানত:** আদেশের ১৩ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী স্বয়ং কিংবা প্রার্থীর পক্ষে বিধিতে বর্ণিত ব্যক্তিদের মাধ্যমে জামানত হিসেবে নগদ বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ট্রেজারি চালানের মাধ্যমে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা মনোনয়নপত্রের সাথে রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

১৫। **জামানতের অর্থ জমা দেয়ার কোড:** জামানত বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখায় অথবা যে কোন ব্যাংক অথবা সরকারি ট্রেজারি অথবা সাব-ট্রেজারিতে ৬/০৬০১/০০০১/৮৪৭৩ কোডে জমা দিতে হবে। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে সে প্রার্থীর অনুকূলে শুধু একটি মাত্র জামানত প্রদান করতে হবে। অন্য মনোনয়নপত্রের সাথে চালান/রসিদ এর সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে। নগদ হিসেবে প্রাপ্ত জামানতের টাকা রিটার্নিং অফিসার অথবা সহকারি রিটার্নিং অফিসার ফরম-৩ এ নির্ধারিত রসিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং নগদে অথবা ব্যাংক রসিদ অথবা ট্রেজারি চালান মারফত প্রাপ্ত জামানতের হিসাব বিবরণী রিটার্নিং অফিসারকে ফরম-২ এ নির্ধারিত রেজিস্টারে সন্নিবেশিত করতে হবে। তাছাড়া রিটার্নিং অফিসারকে নগদে প্রাপ্ত অর্থ উল্লিখিত কোড নম্বরে সরকারি খাতে জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে, জামানত বাবদ **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ব্যতীত মনোনয়নপত্র দাখিলকারী/প্রার্থীর নিকট হতে অন্য কোন রকমভাবে অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না।

১৬। **মনোনয়নপত্র প্রাপ্তির সময় লিপিবদ্ধকরণ এবং প্রাপ্তি রসিদ প্রদানসহ বাছাইয়ের তারিখ অবহিতকরণ:** রিটার্নিং অফিসার প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোন তারিখে ও কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তা সংশ্লিষ্ট মনোনয়নপত্র দাখিলকারীকে অবহিত করবেন ও মনোনয়নপত্র প্রাপ্তির রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। উল্লেখ্য যে, প্রাপ্তি রসিদটি মনোনয়নপত্রের সংগে সংযোজিত আছে। সহকারি রিটার্নিং অফিসারের নিকট যে মনোনয়নপত্র দাখিল হবে সেক্ষেত্রেও সহকারি রিটার্নিং অফিসার অনুরূপভাবে প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে মনোনয়নপত্র দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করে

মনোনয়নপত্র প্রাপ্তি রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। মনোনয়নপত্র দাখিলকারীকে রিটার্নিং অফিসার, কখন, কোন তারিখে এবং কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তাও জানিয়ে দিবেন। তাছাড়া, সংশ্লিষ্ট সহকারি রিটার্নিং অফিসার তার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ মনোনয়নপত্র দাখিলের সময়-সীমা আগামী ১৫ জুন ২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা উত্তীর্ণ হওয়ার পর ঐ দিনই সতর্কতার সাথে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন।

১৭। **মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল :** গণপ্রতিনিধিত্ব আদেশ-এর ১৪ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে মনোনয়নপত্র বাছাইঅন্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তে কোন প্রার্থী বা কোন ব্যাংক সংক্ষুব্ধ হলে মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে অর্থাৎ ১৮ জুন ২০২১ থেকে ২০ জুন ২০২১ তারিখের মধ্যে আপিল দায়ের করতে পারবেন। দায়েরকৃত আপীল আবেদনসমূহ ২১-২৩ জুন ২০২১ তারিখের মধ্যে নিষ্পন্ন করা হবে। উল্লেখ্য যে, আপিল দায়েরের নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা সময়ের মধ্যে আপিল দায়ের করা যাবে।

১৮। **একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ :** একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশন হতে বিভিন্ন পরিপত্র ও পত্রের নির্দেশনা জারি করা হয়েছে। তাছাড়া জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলে এবং পরবর্তীতে তা সংশোধনী ও স্পষ্টীকরণের মাধ্যমে বিভিন্ন নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত সময়সূচির সাথে সঙ্গতি রেখে ও বিভিন্ন সময়সীমার সাথে সমন্বয়পূর্বক উল্লিখিত শূন্য আসনের নির্বাচন সংশ্লিষ্ট সকল কার্যক্রম জারিকৃত নির্দেশনা অনুসারে সম্পন্ন করতে হবে।

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

০২/৬/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

প্রাপক:

............................................... (সংশ্লিষ্ট)
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৭৮

তারিখ: ১৯ জৈষ্ঠ্য ১৪২৮
০২ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..................................(সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ...............................(সংশ্লিষ্ট) রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ........................................(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)
১৭. অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. পুলিশ সুপার, ......................................(সংশ্লিষ্ট)
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, .....................................(সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................(সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ....................................(সংশ্লিষ্ট)
২৩. জেলা তথ্য অফিসার,...........................................(সংশ্লিষ্ট)
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..................................(সংশ্লিষ্ট)
২৮. অফিসার-ইন-চার্জ, ........................................ (সংশ্লিষ্ট) থানা।

02/6/2020

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০

**পরিশিষ্ট-ক**

# রিটার্নিং অফিসারের কার্যালয়

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (২) দফা অনুসারে আমি ..........................................

..........................................................................................................................................

**(নাম ও পদবি)**

ও রিটার্নিং অফিসার এতদ্দ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, ২৩১ সিলেট-৩ ও ১৮৭ ঢাকা-১৪ এবং ২৫৩ কুমিল্লা-৫ নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদের শূন্য আসন পূরণ করিবার উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৯ জ্যৈষ্ঠ ১৪২৮/০২ জুন ২০২১ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ২৩১ সিলেট-৩ ও ১৮৭ ঢাকা-১৪ এবং ২৫৩ কুমিল্লা-৫ নির্বাচনি এলাকার ভোটারগণকে উক্ত নির্বাচনি এলাকা হইতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিয়াছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০১ আষাঢ় ১৪২৮<br>১৫ জুন ২০২১ | মঙ্গলবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৩ আষাঢ় ১৪২৮<br>১৭ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ আষাঢ় ১৪২৮<br>২৪ জুন ২০২১ | বৃহস্পতিবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ৩০ আষাঢ় ১৪২৮<br>**১৪ জুলাই ২০২১** | **বুধবার** |
| ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত | | | | |

২। পূর্বোল্লিখিত আদেশের ১১ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ০১ আষাঢ় ১৪২৮/ ১৫ জুন ২০২১ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৮.০০ মি. হইতে বিকাল ০৪.০০ মি. পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় ..................................................এ এবং সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয়

**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**

..........................................................................এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**

৩। উল্লিখিত আসনে নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

**নির্বাচনি এলাকার নম্বর ও নাম** [ ]

**পরিশিষ্ট-খ**

## জাতীয় সংসদ সদস্য নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা সংক্রান্ত বিধান

১। **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদের দফা (১) ও (২) এ নিম্নরূপ বিধান রয়েছে-**

৬৬। (১) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক হইলে এবং তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হইলে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত বিধান-সাপেক্ষে তিনি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন।

(২) কোন ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি

(ক) কোন উপযুক্ত আদালত তাঁহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন;

(খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;

(ঘ) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

[১][ ***]

[২][ (ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন যে কোন অপরাধের জন্য দণ্ডিত হইয়া থাকেন;

(চ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন; অথবা]

(ছ) তিনি কোন আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন।

[৩][ (২ক) এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি-

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে-

এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।]

---

১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (ক) ধারাবলে (ঘঘ) উপ-দফা বিলুপ্ত।
২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (খ) ধারাবলে ঙ ও (চ) উপ-দফা সন্নিবেশিত।
৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (গ) ধারাবলে (২ক) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।